

প্রাণি খাদ্যে ঝুঁকিপূর্ণ খাদ্য উপকরণ Meat and Bone Meal (প্রাণিজাত Protein meal এবং Protein concentrate সহ) বিদেশ থেকে আমদানি এবং ব্যবহার নিষিদ্ধকরণ বিষয়ে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের

জরুরি গণবিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশের প্রাণি খাদ্যের গুণগত মান, উৎপাদন মূল্য, সামাজিক ও ধর্মীয় বিষয়াদি বিবেচনায় প্রাণি খাদ্যে ঝুঁকিপূর্ণ খাদ্য উপকরণ Meat and Bone Meal (MBM) বিদেশ থেকে আমদানি আবশ্যিকভাবে বন্ধ রাখার জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সিদ্ধান্ত গ্রহণ করেছে। এমতাবস্থায়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর সিদ্ধান্ত এবং নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বলে দেশে MBM এর আমদানি, প্রক্রিয়াজাতকরণ, সরবরাহ, মজুদ, বিক্রয় ও ব্যবহার নিষিদ্ধ করা হলো।

- Meat and Bone Meal (প্রাণিজাত Protein meal এবং Protein concentrate সহ) এর মাধ্যমে গবাদি পশুর প্রাণঘাতী রোগ বিএসই (Bovine Spongiform Encephalopathy), এনথ্রাক্স সহ অন্যান্য জীবাণুঘটিত প্রাণি রোগ ছড়াতে পারে।
- সংক্রমিত প্রাণিজাত খাদ্য গ্রহণের মাধ্যমে মানবদেহে রোগ সংক্রমণ হতে পারে।

বিষয়টি জনস্বাস্থ্য সংশ্লিষ্ট বিধায় গণবিজ্ঞপ্তি প্রচারের বাধ্যবাধকতা রয়েছে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
Bangladesh Food Safety Authority

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য



খাদ্য মন্ত্রণালয়

৭১-৭২ ইক্সটেন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০, ফোন- ৫৫১৩৮৬০৯, ফ্যাক্স-৫৫১৩৮৬০১/৬০২
ই-মেইল: info@bfsa.gov.bd, ওয়েব- www.bfsa.gov.bd